NEW YORK CITY DEPARTMENT OF EDUCATION

# চ্যান্সেলরের প্রবিধান

| | | | |
|---|---|---|---|
| শ্রেণি: | **শিক্ষার্থী** | নম্বর: | A-801 |
| বিষয়: | শিক্ষার্থী পরিবহন | ইস্যুর তারিখ: | **9/05/00** |

## পরিবর্তনসমূহের সারসংক্ষেপ

**এই প্রবিধান ৯/০১/৮৮ তারিখের A-801-কে রহিত করে।**

**এটি একত্রীভূত এবং স্থলাভিষিক্ত করে:**

**১/১২/৮৮ তারিখের A-434-কে**
**১/১২/৮৮ তারিখের A-805-কে**
**৮/২০/৮৬ তারিখের A-806-কে**

**এই প্রবিধান সেই সকল অনুবিধিসমূহ নির্ধারণ করে যেগুলো নিউ ইয়র্ক সিটির অধিবাসী শিক্ষার্থীদের স্কুলে যাতায়াতের জন্য চুক্তিভিত্তিক বাস বা গণপরিবহন ব্যবস্থার মাধ্যমে, গ্রেড, দূরত্ব ও কর্মসূচি এবং সেইসাথে সীমাবদ্ধতা ও বাস্তবায়ন পদ্ধতির উপর ভিত্তি করে পরিবহন ব্যবস্থাকে নিয়ন্ত্রণ করে।**

**পরিবর্তনসমূহ:**

- মাঠপর্যায়ে ব্যবহারকে সহজতর করার জন্য এর পুনর্গঠন করা হয়েছে।
- এটি ফেডারেল এবং স্টেটের সংবিধিবদ্ধ ও নিয়মতান্ত্রিক আবশ্যকতাকে প্রতিফলিত করে।

# চ্যান্সেলরের প্রবিধান

| | | | |
|---|---|---|---|
| শ্রেণি: | **শিক্ষার্থী** | নম্বর: | A-801 |
| বিষয়: | শিক্ষার্থী পরিবহন | পৃষ্ঠা: | 1 of 11 |
| | | ইস্যুর তারিখ: | **9/05/00** |

## সংক্ষিপ্তসার

এই প্রবিধান শিক্ষার্থী পরিবহন সম্পর্কিত চারটি (৪) চ্যান্সেলরের প্রবিধান: A-434, A-801, A-805 এবং A-806, কে একটি প্রবিধান A-801–এ একত্রিত করে।

শিক্ষার্থী পরিবহন সম্পর্কিত চারটি (৪) চ্যান্সেলরের প্রবিধানকে নিম্নে উল্লিখিতভাবে একত্রিত করা হয়েছে:

1. A-801 ''শিক্ষার্থী পরিবহন'' পরিবর্তিত হয়ে A-801 অনুচ্ছেদ 1 ''সাধারণ শিক্ষার শিক্ষার্থী পরিবহন নীতি, প্রক্রিয়া এবং যোগ্যতার শর্তাবলি'' হয়েছে

2. A-805 ''বিশেষ শিক্ষার শিক্ষার্থীদের বাসের মাধ্যমে পরিবহন'' পরিবর্তিত হয়ে A-801 অনুচ্ছেদ 2 ''বিশেষ শিক্ষার শিক্ষার্থী পরিবহন নীতি, প্রক্রিয়া এবং যোগ্যতার শর্তাবলি'' হয়েছে

3. A-434 ''বাসে শিশুদের আচরণ'' পরিবর্তিত হয়ে A-801 অনুচ্ছেদ 3 ''স্কুল বাসে শিক্ষার্থীদের আচরণ'' হয়েছে

4. A-806 ''স্কুল বাস নিরাপত্তা অনুশীলন'' পরিবর্তিত হয়ে A-801 অনুচ্ছেদ 4 ''স্কুল বাস নিরাপত্তা অনুশীলন'' হয়েছে

5. A-801 প্যারাগ্রাফ 5 ''অনুসন্ধান'' পরিবর্তিত হয়ে A-801 অনুচ্ছেদ 5 ''অনুসন্ধান'' হয়েছে

**অনুচ্ছেদ 1. সাধারণ শিক্ষার শিক্ষাথী পরিবহন নীতি, প্রক্রিয়া এবং যোগ্যতার শর্তাবলি**

এখানে বর্ণিত পরিবহনের প্রবিধানসমূহ নিউ ইয়র্ক সিটির অধিবাসী শিক্ষাথীদের স্কুলে যাতায়াতের জন্য চুক্তিভিত্তিক বাস বা গণপরিবহন ব্যবস্থার মাধ্যমে, গ্রেড, দূরত্ব ও কর্মসূচি অনুযায়ী শিক্ষাথী পরিবহন প্রদান করে। বাস্তবায়ন পদ্ধতি এবং সীমাবদ্ধতাসমূহ এই সকল প্রবিধানের অংশ।

**1. <u>পরিবহন নীতি</u>**

ডিস্ট্রিক্ট ও স্কুল পর্যায়ে শিক্ষাথী পরিবহনের নীতিমালা যথাযথভাবে কার্যকর করতে হবে। এর অন্তর্ভুক্ত রয়েছে শিক্ষাথী পরিবহণ দপ্তরে (অফিস অব পিউপিল ট্রান্সপোর্টেশন, ও.পি.টি.) পরিবহন পরিষেবার সকল নথিপত্র জমা দেয়া। কোন স্কুল যোগ্যতার নীতিমালা, মেট্রোকার্ড বিতরণ এবং নিরাপত্তা রক্ষা ও হিসাব প্রক্রিয়া অমান্য করছে বলে দেখা গেলে ডিস্ট্রিক্ট এবং/অথবা স্কুলের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে। অমান্য করার কারণে ডিপার্টমেন্ট অব এডুকেশনের লোকসান পুষিয়ে নেয়ার জন্য শাস্তিমূলক ব্যবস্থার অন্তর্ভুক্ত থাকতে পারে ডিস্ট্রিক্টের বাজেট থেকে ফান্ড কেটে রাখা। বেসরকারি স্কুলের ক্ষেত্রে, ডিপার্টমেন্ট অব এডুকেশনের লোকসান পরিশোধ না করা পর্যন্ত পরবর্তী সেমেস্টারের জন্য মেট্রোকার্ড স্থগিত রাখা হতে পারে।

প্রত্যেক শিক্ষাথীর জন্য কি ধরনের পরিবহন সুবিধা প্রদান করা হবে সে সম্পর্কে শিক্ষাথী পরিবহন দপ্তরের পরিচালক চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন। পরিবহনের প্রকৃতিকে নিম্নে উল্লিখিতভাবে সংজ্ঞায়িত করা হয়:

সাধারণ বাহন – গণপরিবহন বাস অথবা সাবওয়ে যাতে মেট্রোকার্ড ব্যবহারের মাধ্যমে বাড়ির নিকটবর্তী স্টপ এবং স্কুলের নিকটবর্তী স্টপে যাতায়াত করা যায়।

চুক্তিভিত্তিক বাহন – শিক্ষাথী পরিবহন দপ্তর এবং স্কুল কর্তৃক নির্ধারিত স্টপের মধ্যে শিক্ষা বিভাগের সাথে চুক্তির মাধ্যমে হলুদ বাস সার্ভিসের মাধ্যমে পরিষেবা।

বিনা ভাড়া – শিক্ষাথী ভাড়ার খরচ প্রদানে অংশগ্রহণ করে না।

অর্ধেক ভাড়া – শিক্ষাথী ভাড়ার অর্ধেক খরচ প্রদান করে। অর্ধেক ভাড়ার মেট্রোকার্ড শুধুমাত্র ভূ-উপরিভাগের (সারফেস) পরিবহনে ব্যবহারের জন্য প্রযোজ্য এবং এন.ওয়াই.সি.টি. থেকে সম্পূর্ণভাবে ভর্তুকিপ্রাপ্ত। এটি হচ্ছে শিক্ষাথীরা স্কুলে হেঁটে আসতে না পারার বিকল্প (যেমন, খারাপ আবহাওয়ায়)। এই কর্মসূচি হচ্ছে শিক্ষাথীদের জন্য নিউ ইয়র্ক সিটি কর্তৃক প্রদত্ত একটি সুবিধা এবং স্টেট বা ফেডারেল সরকার কর্তৃক নির্ধারিত কোন আবশ্যক পরিষেবা নয়।

মেট্রোকার্ড – প্লাস্টিকের ল্যামিনেটেড কার্ড যার উল্টোপাশে চুম্বকীয় টেপের কাছে দশ-সংখ্যা বিশিষ্ট একটি ক্রমিক নম্বর ছাপানো রয়েছে। স্যুইপ কার্ড প্রতিদিন প্রতি শিক্ষাথীকে তিনটি পর্যন্ত ট্রিপ প্রদান করবে; যদি না স্কুলের প্রিন্সিপ্যাল, ও.পি.টি. এবং এন.ওয়াই.সি.টি.-এর নির্বাহী পরিচালক অতিরিক্ত ট্রিপ অনুমোদন করেন। বাস এবং সাবওয়ের বিনা ভাড়ার সম্মিলিত পাস হিসেবে মেট্রোকার্ড (যেখানে একবারের ভ্রমণে সারফেস থেকে র‍্যাপিডে বদল করলে একটি ট্রিপ হিসাবে বিবেচনা করা হবে) এবং অর্ধেক ভাড়ার সারফেস (শুধুমাত্র বাস) পাস ইস্যু করা হবে।

**2. যোগ্যতার শর্তাবলি**

**2.1 গ্রেড কে-২**

গ্রেড কে - ২ এর শিক্ষাথীরা তাদের স্কুল থেকে ১/২ মাইল বা তারচেয়ে বেশি দূরত্বে অবস্থান করলে বিনা ভাড়ায় পরিবহন সুবিধা পাওয়ার যোগ্য হবে।

গ্রেড কে - ২ এর শিক্ষাথীরা তাদের স্কুল থেকে ১/২ মাইলের কম দূরত্বে অবস্থান করলে অর্ধেক ভাড়ায় পরিবহন সুবিধা পাওয়ার যোগ্য হবে।

**2.2 গ্রেড ৩ – ৬**

গ্রেড ৩ – ৬ এর শিক্ষাথীরা তাদের স্কুল থেকে ১ মাইল বা তারচেয়ে বেশি দূরে অবস্থান করলে বিনা ভাড়ায় পরিবহন সুবিধা পাওয়ার যোগ্য হবে।

গ্রেড ৩ – ৬ এর শিক্ষাথীরা তাদের স্কুল থেকে আধা মাইল থেকে এক মাইলের মধ্যে অবস্থান করলে অর্ধেক ভাড়ায় সারফেস পরিবহন সুবিধা লাভের যোগ্য হবে।

**2.3 গ্রেড ৭ – ১২**

গ্রেড ৭ – ১২ এর শিক্ষাথীরা স্কুল থেকে ১ ১/২ মাইল বা তারচেয়ে বেশি দূরত্বে অবস্থান করলে গণপরিবহনে বিনা ভাড়ায় পরিবহন সুবিধা পাওয়ার যোগ্য হবে।

গ্রেড ৭ – ১২ এর শিক্ষাথীরা তাদের স্কুল থেকে আধা মাইল থেকে দেড় মাইলের মধ্যে অবস্থান করলে অর্ধেক ভাড়ায় সারফেস পরিবহন সুবিধা পাওয়ার যোগ্য হবে।

অল্পসংখ্যক ক্ষেত্রে যেখানে গণপরিবহন সুবিধা অপর্যাপ্ত অথবা নেই, সেখানে শিক্ষাথী পরিবহন দপ্তর প্রাথমিক গ্রেডের শিক্ষাথীদেরকে প্রদত্ত বিদ্যমান চুক্তিভিত্তিক বাস পরিষেবা গ্রেড ৭ ও ৮ এর শিক্ষাথীদেরকে ব্যবহারের জন্য ব্যতিক্রমী ব্যবস্থা অনুমোদন করতে পারে। এই ধরনের সকল শিক্ষাথীকে দূরত্বের শর্ত পূরণ সহ অবশ্যই অন্যান্য দিক থেকে যোগ্য হতে হবে।

**2.4 অস্থায়ী আশ্রয়**

গ্রেড কে – ১২ এর যে সকল শিক্ষাথীকে সরকারি কর্তৃপক্ষ অস্থায়ী বাসস্থানে (গৃহহীন আশ্রয়কেন্দ্র, হোটেল, ইত্যাদি) স্থানান্তর করেছে, তারা যতদিন পর্যন্ত উক্ত অস্থায়ী বাসস্থানে অবস্থান করবে, ততদিন পর্যন্ত বয়স ও দূরত্বের বাধ্যবাধকতা থেকে অব্যাহতি পাবে। যে কোন সময় একজন শিক্ষাথীকে অস্থায়ী বাসস্থানে স্থানান্তর করার পর তাৎক্ষণিকভাবে জরুরি পরিবহন সুবিধার জন্য শিক্ষাথী পরিবহন দপ্তরে একটি অনুরোধ পেশ করা যেতে পারে। শিক্ষাথীর পরিবহনের জন্য পরবর্তী সকল অনুরোধ অবশ্যই সাধারণ শিক্ষাথী নথি সংরক্ষণ প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

**2.5 বিশেষ শিক্ষা**

বিশেষ শিক্ষা সংক্রান্ত কমিটি কর্তৃক 'বিশেষ শিক্ষা' হিসেবে চিহ্নিত শিক্ষাথীরা ন্যূনতম গ্রেড এবং দূরত্বের শর্তাবলি থেকে অব্যাহতি পাবে। এছাড়াও বিশেষ শিক্ষার

শিক্ষার্থীদেরকে অবশ্যই অতি সাম্প্রতিক শিক্ষার্থী পরিবহন দপ্তর সাধারণ শিক্ষা পরিবহন নির্দেশিকায় উল্লিখিত বয়সের নির্দেশনাসমূহের মধ্যে থাকতে হবে।

**3. গণপরিবহনে যাতায়াতের সময় শিক্ষার্থীদেরকে যে সকল সুনির্দিষ্ট নিয়ম এবং প্রক্রিয়া অনুসরণ করতে হবে**

3.1 গণপরিবহনের বাহনসমূহ যেগুলোতে মেট্রোকার্ডের নিয়ম এবং প্রক্রিয়া প্রযোজ্য। বাহনসমূহের অন্তর্ভুক্ত রয়েছে:

নিউ ইয়র্ক সিটি ট্রানজিট (এন.ওয়াই.সি.টি.), স্ট্যাটেন আইল্যান্ড র‍্যাপিড ট্রানজিট (এস.আই.আর.টি.এ.), কমান্ড বাস কর্প., গ্রীন বাস লাইন্স, জ্যামাইকা বাস কোং., কুইন্স সারফেস ট্রানজিট এবং ট্রাই-বরো কর্প.

3.2 প্রতিটি গ্রেড পর্যায়ে ব্যবহারের জন্য গণপরিবহন মেট্রোকার্ড

**গ্রেড কে-৬** এই সকল শিক্ষার্থীরা স্কুল থেকে হেমন্ত বা বসন্তকালীন সেমেস্টারের জন্য কার্যকর একটি ফ্রি অথবা অর্ধেক ভাড়ার সাধারণ শিক্ষা অথবা পূর্ণ ভাড়ার বিশেষ শিক্ষা মেট্রোকার্ড পাবে।

**গ্রেড ৭ – ১২** এই বিভাগের শিক্ষার্থীরদের জন্য হেমন্ত বা বসন্তকালীন সেমেস্টারের জন্য কার্যকর একটি ফ্রি অথবা অর্ধেক ভাড়ার সাধারণ শিক্ষা অথবা পূর্ণ ভাড়ার বিশেষ শিক্ষা মেট্রোকার্ড ইস্যু করা হবে।

**গ্রেড কে-১২** অর্ধেক ভাড়ার মেট্রোকার্ড: অর্ধেক খরচ প্রদান করার পর, এই অর্ধেক ভাড়ার কার্ডটি চুক্তিভিত্তিক/এন.ওয়াই.সি.টি. বাসে ফ্রি ট্রান্সফার সুবিধার জন্য ব্যবহার করা যাবে।

প্রাথমিক শিক্ষার্থীদের পূর্ণ ভাড়ার মেট্রোকার্ডকে বিশেষ রংয়ের মাধ্যমে চিহ্নিত করা হবে যাতে এটিকে হাই স্কুলের পূর্ণ ভাড়ার কার্ড এবং সকল গ্রেডের অর্ধেক ভাড়ার কার্ড থেকে পৃথক করা যায়।

রবিবারে কার্যকর মেট্রোকার্ড শিক্ষার্থীদেরকে একই পরিষেবা প্রদান করে কিন্তু রবিবার থেকে শুক্রবার পর্যন্ত কার্যকর থাকে।

3.3 যোগ্যতা যাচাইয়ের অনুরোধ

শিক্ষার্থীর যোগ্যতা সম্পর্কে যুক্তিসঙ্গত প্রশ্নের উদ্ভব হলে শিক্ষার্থী পরিবহন দপ্তর শিক্ষার্থীর বাসা থেকে স্কুলের নিরূপিত দূরত্ব সম্পর্কিত সকল আপিল মূল্যায়ন করবে। তবে, মূল্যায়ন সম্পন্ন না হওয়া পর্যন্ত এবং একটি সিদ্ধান্তে না পৌঁছানো পর্যন্ত, উক্ত শিক্ষার্থীকে অবশ্যই যোগ্যতা সম্পর্কিত স্কুলের প্রাথমিক সিদ্ধান্ত অথবা শিক্ষার্থী পরিবহন দপ্তরের ইস্যুকৃত নির্দেশ মেনে চলতে হবে। সকল সিদ্ধান্ত লেখা হবে এবং শিক্ষার্থীর পিতামাতা/অভিভাবক এবং স্কুলের প্রিন্সিপ্যালের কাছে পাঠানো হবে। লিখিত যোগাযোগে মনোনীত হাঁটার পথ এবং পরবর্তী আপিল প্রক্রিয়ার একটি প্রতিলিপি অন্তর্ভুক্ত করতে হবে।

**4. চুক্তিভিত্তিক বাসে যাতায়াতের সময় শিক্ষার্থীদেরকে যে সকল সুনির্দিষ্ট নিয়ম এবং প্রক্রিয়া অনুসরণ করতে হবে**

4.1 যেখানে চুক্তিভিত্তিক বাস পরিষেবা প্রদান করা হবে, কোন বাস রুটে সকল স্টপ মিলিয়ে এক পথে রুটের দৈর্ঘ্য ৫ মাইলের বেশি হওয়া যাবে না।

4.2 নিচে উল্লিখিত ন্যূনতম সংখ্যার কমে কোন চুক্তিভিত্তিক বাস রুট তৈরি করা হবে না:

4.2.1 শুধুমাত্র কিন্ডারগার্ডেনের শিক্ষার্থীদের জন্য রুট: ১১ জন শিক্ষার্থীর কম নয়।

4.2.2 শিক্ষার্থীদের জন্য রুট – মিশ্রিত গ্রেড: ১১ জন শিক্ষার্থীর কম নয়।

4.2.3 বরো বা কাউন্টি লাইনে কোন চুক্তিভিত্তিক বাস রুট পরিচালনা করা হবে না।

4.2.4 কোন শিক্ষার্থীর গণপরিবহনের মেট্রোকার্ড থাকলে, উক্ত শিক্ষার্থী চুক্তিভিত্তিক বাসে যাতায়াতের যোগ্য নয়।

4.2.5 চুক্তিভিত্তিক বাস পরিষেবা, বাধ্যতামূলক নয় এমন বিশেষ কর্মসূচি যেগুলো শিক্ষার্থীদেরকে তাদের নিয়মিত জোনভুক্ত স্কুল থেকে বাইরে নিয়ে যায় সেগুলোর জন্য প্রদান করা হবে না, এর ব্যতিক্রম হতে পারে সেই সব শিক্ষার্থীদের জন্য যারা মেধাবী ও প্রতিভাবান কর্মসূচির জন্য অনুমোদিত কার্যক্রমে অংশগ্রহণ করে। শিক্ষার্থী পরিবহন দপ্তর, চ্যান্সেলরের প্রবিধানে উল্লিখিত শর্তাবলি ও প্রক্রিয়ার ভিত্তিতে, কোন ধরনের পরিবহন প্রদান করা হবে তা নির্ধারণ করবে। কম্যুনিটি সুপারিনটেনডেন্ট, এই সকল কর্মসূচির জন্য স্থান নির্বাচনের সময়, জোনিং ও ইনটিগ্রেশন অফিস এবং শিক্ষার্থী পরিবহন দপ্তরের সাথে এই সকল স্থান নির্বাচনকে সমন্বয় করবেন। বিদ্যমান পরিবহন সুবিধার সর্বোচ্চ ব্যবহারের জন্য প্রত্যেক প্রচেষ্টা গ্রহণ করা হবে।

4.2.6 পরিবহন সুবিধার যে সব অনুরোধে নতুন বাস রুট তৈরি করা আবশ্যক, সেই সব অনুরোধ অবশ্যই পরবর্তী সেপ্টেম্বর মাসে পরিষেবা শুরু করার জন্য ১লা এপ্রিলের আগে শিক্ষার্থী পরিবহন দপ্তরে জমা দিতে হবে।

4.2.7 শিক্ষার্থী পরিবহন দপ্তর হচ্ছে ডিপার্টমেন্ট অব এডুকেশনের একমাত্র ইউনিট যা নতুন বাস স্টপ এবং রুট স্থাপন করার জন্য অনুমোদিত।

মনোনীত বাস স্টপ বা রুট পরিবর্তনের কোন প্রয়োজন হলে পর্যালোচনা এবং সম্ভব হলে নতুন স্টপ স্থাপনের জন্য প্রিন্সিপ্যালকে সরাসরি শিক্ষার্থী পরিবহন দপ্তরের সাথে যোগাযোগ করতে হবে।

## অনুচ্ছেদ 2. সাধারণ শিক্ষার শিক্ষার্থী পরিবহন নীতি, প্রক্রিয়া এবং যোগ্যতার শর্তাবলি

### I. ভূমিকা

**A.** স্টেট শিক্ষা আইন অনুযায়ী নিউ ইয়র্ক সিটিতে বসবাসকারী বিশেষ শিক্ষার শিশুদেরকে তাদের আইনসম্মতভাবে অধ্যয়নরত স্কুলে যাওয়া ও আসার জন্য সিটি স্কুল ডিস্ট্রিক্ট পরিবহন সুবিধা প্রদান করতে বাধ্য।

**B.** নিচে উল্লিখিত প্রবিধানসমূহ বিশেষ শিক্ষা স্কুলের শিশুদের যাতায়াতের সাথে সংশ্লিষ্ট প্রত্যেকের প্রধান দায়িত্বসমূহ বর্ণনা করে। এর অন্তর্ভুক্ত রয়েছে শিক্ষার্থী পরিবহন দপ্তর, কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট, বিশেষ শিক্ষা বিভাগ, বিশেষ শিক্ষা সংক্রান্ত কমিটি, বাস কোম্পানি, ড্রাইভার, এসকর্ট, স্কুল, পিতামাতা, এবং শিশুরা।

**II.** <u>**স্কুলের দায়িত্বসমূহ**</u>

**A.** প্রিন্সিপ্যাল মহোদয়, ড্রাইভারের সাথে আলোচনার মাধ্যমে, স্কুল বছরে তিনটি জরুরি মহড়ার আয়োজন করবেন।

**B.** বাসে আরোহন, চলা, বাস থেকে নামা, এবং বাসের মধ্যে আচরণ সহ বাসে অনুসরণীয় নিরাপত্তার সকল আইনসমূহ শিক্ষক ক্লাসে শিশুদের সাথে নিয়মিতভাবে পর্যালোচনা করবেন।

1. বাসে আরোহনের নিয়মসমূহ:

   a. রাস্তার প্রান্ত থেকে যতটা সম্ভব দূরে থাকবে।

   b. বাসের দরজার দিকে অগ্রসর হওয়ার আগে বাসকে পুরোপুরি থামতে দাও।

   c. তোমার ভারসাম্য রক্ষার জন্য একটি একটি করে সিঁড়ি বেয়ে উঠার সময় হাতল ব্যবহার করবে।

   d. তুমি বাস থেকে নেমে যাওয়ার সময় বাসের ক্ষতিগ্রস্ত যে কোন কিছু (যেমন হুইলচেয়ার আটকে রাখার ক্ল্যাম্প) সম্পর্কে ড্রাইভারকে জানাবে।

2. বাসে চড়ার নিয়মসমূহ:

   a. অনুচ্চ স্বরে কথা বলবে।

   b. জানালা খোলার আগে অনুমতি চাইবে এবং জানালা দিয়ে বাইরে কিছু ফেলবে না অথবা জানালার উপর কোন কিছু (যেমন হাত, মাথা, বা বাহু) রাখবে না।

   c. জরুরি প্রয়োজন ছাড়া, বাস চলার সময় ড্রাইভারের সাথে কথা বলবে না। ড্রাইভারকে রাস্তার উপর খেয়াল রাখতে হয়।

   d. বাস রেল ক্রসিংয়ের কাছে আসলে একেবারেই কোন কথা বলা যাবে না, যাতে ড্রাইভার নিকটবর্তী কোন ট্রেনের আওয়াজ শুনতে পান।

e. হাত ও পা করিডোরের মধ্যে রাখবে না, সেখানে এগুলো কাউকে হোঁচট খাওয়াতে বা আঘাত করতে পারে।

f. যাত্রা শেষ না হওয়া পর্যন্ত এবং বাস পুরোপুরিভাবে না থামা পর্যন্ত শান্তভাবে তোমার আসনে বসে থাকবে।

g. স্কুলে বা বাড়িতে বাস না থামা পর্যন্ত সীট বেল্ট বেঁধে রাখবে।

3. বাস থেকে নামার নিয়ম:

a. বাস পুরোপুরিভাবে না থামা পর্যন্ত আসনে বসে থাকবে। ড্রাইভার তোমাকে বলবেন কখন নামতে হবে।

b. সিঁড়ি দিয়ে উঠা এবং নামার সময় যাতে পড়ে না যাও, সেই জন্য সব সময় হাতল ব্যবহার করবে।

c. দ্রুত বাস থেকে দূরে সরে যাবে। পিছনের চাকা থেকে দূরে থাকবে। কখনোই জানালার মধ্য দিয়ে কিছু নেয়ার চেষ্টা করবে না।

C. দুর্ব্যবহার সম্পর্কিত প্রক্রিয়ার জন্য, বাসে শিশুদের আচরণ সম্পর্কিত এই প্রবিধানের অনুচ্ছেদ 4-এ দেখুন।

D. শিক্ষক বিশেষ শিক্ষার শিক্ষার্থীদের পিতামাতাকে পরামর্শ দেবেন, যে কোন স্বাস্থ্যসংক্রান্ত সমস্যা সম্পর্কে বাস এসকর্টকে জানানোর জন্য যেগুলো বাসে শিশুর উপর প্রভাব ফেলতে পারে (যেমন, অ্যাজমা, হৃৎযন্ত্রের অবস্থা, ডায়াবেটিস, খিঁচুনি, ইত্যাদি)।

E. বাসে একজন এসকর্ট রয়েছেন তা নিশ্চিত হওয়ার জন্য বাস স্কুলে এসে পৌঁছানোর পর শিক্ষক অথবা সহায়তাকারী পরীক্ষা করে দেখবেন। গাড়িতে কোন এসকর্ট না থাকলে শিক্ষার্থী পরিবহন দপ্তরকে অবিলম্বে অবহিত করতে হবে।

F. বাস পরিষেবা সম্পর্কে পিতামাতাদের সকল অভিযোগ শিশুটি যে স্কুলে পড়ে সেই স্কুলের প্রিন্সিপ্যাল পর্যালোচনা করবেন। প্রিন্সিপ্যাল শিশুটির শিক্ষকের সাথে আলোচনা করবেন। প্রিন্সিপ্যাল যা করবেন:

1. ড্রাইভার এবং/অথবা এসকর্টের সাথে কথা বলবেন এবং সমস্যাটি সমাধানের চেষ্টা করবেন।

2. যদি এইভাবে সমস্যাটির সমাধান করা না যায়, তাহলে প্রিন্সিপ্যাল সমাধানের জন্য যথাযথ বাস কোম্পানির ডিসপ্যাচারের সাথে যোগাযোগ করবেন।

3. কোন সন্তোষজনক সাড়া পাওয়া না গেলে, শিক্ষার্থী পরিবহন দপ্তর থেকে ''ভায়োলেশন ফরম'' সংগ্রহ করে তা দপ্তরে জমা দিতে হবে। গৃহীত ব্যবস্থা সম্পর্কে বিশেষ শিক্ষার তত্ত্বাবধায়ককেও অবহিত করতে হবে। জরুরি প্রয়োজনে, শিক্ষার্থী পরিবহন দপ্তরের সাথে সরাসরি **(718) 784-3313** নম্বরে যোগাযোগ করুন।

4. যদি শিক্ষার্থী পরিবহন দপ্তর বা বাস কোম্পানি সমস্যাটির সমাধান না করে, তাহলে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট অফিসের মাধ্যমে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের বিশেষ শিক্ষার ডিস্ট্রিক্ট প্রশাসকের সাথে যোগাযোগ করুন।

**G.** নিয়মিত ছুটির সময় হওয়ার আগে শিক্ষক শিক্ষার্থীদেরকে শ্রেণিকক্ষ থেকে ছাড়বেন না।

**H.** শিক্ষক পিতামাতাদেরকে এই প্রক্রিয়া সম্পর্কে পরামর্শ দিবেন যে, শিশুরা স্কুল থেকে ফেরার পর বাস স্টপে পিতামাতা বা অন্য কোন অনুমোদিত ব্যক্তির দেখা না পেলে, বাস ড্রাইভার বা এসকর্ট গ্যারেজ ডিসপ্যাচারকে অবহিত করার পর সেইসব শিশুদেরকে পুলিশ স্টেশনে নিয়ে যাওয়া হবে, যদি না পিতামাতা তাদের শিশুর সাথে দেখা করার আবশ্যকতা পরিত্যাগের বিবৃতিতে স্বাক্ষর করেন।

**I.** কোন শিশু কর্মসূচি থেকে বদলি হলে বা অব্যাহতি পেলে অথবা তার ঠিকানা পরিবর্তিত হলে বিশেষ শিক্ষার তত্ত্বাবধায়ক ডিস্ট্রিক্ট ভর্তি কর্মকর্তাকে অবিলম্বে অবহিত করবেন। ডিস্ট্রিক্ট ভর্তি কর্মকর্তা ও.পি.টি. ৭৭ অথবা এ.টি.এস. পদ্ধতি ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীর অবস্থার পরিবর্তন সম্পর্কে অবিলম্বে শিক্ষার্থী পরিবহন দপ্তরকে অবহিত করবেন।

**J.** প্রিন্সিপ্যাল অনুচ্ছেদ 3 এর রূপরেখা অনুযায়ী পিতামাতাদেরকে তাদের দায়িত্ব সম্পর্কে অবহিত করবেন।

## III. অভিভাবকদের দায়িত্বসমূহ

**A.** স্কুল বছরের প্রথম দিন, পিতামাতারা তাদের শিশুদেরকে সকাল ৭:০০ টার সময় প্রস্তুত করবেন। স্কুল বছরে, যখন একটি শিশুকে প্রথমবারের মত তুলে নেয়া হবে, তখন শিক্ষার্থী পরিবহন দপ্তর পিতামাতাদেরকে অবহিত করবেন যে কখন শিশুটিকে প্রস্তুত থাকতে হবে। বাস কোম্পানিকে কার্ব-টু-কার্ব পরিষেবা প্রদান করতে হবে।

**B.** প্রথম দিনের পর, শিশুকে তুলে নেয়ার এবং তার ফেরত আসার নির্দিষ্ট সময়সূচি, বাস নম্বর, রুট নম্বর, বাস কোম্পানির নাম এবং ড্রাইভার ও এসকর্টের নাম সহ বাস ড্রাইভারের নিকট থেকে পিতামাতারা বিজ্ঞপ্তি লাভ করবেন।

**C.** পিতামাতারা শিশুদেরকে সময়মত প্রস্তুত রাখবেন যাতে অন্য শিশুদের দেরি না হয়। তুলে নেয়ার স্থানে কোন শিশু প্রস্তুত না থাকলে ড্রাইভার তার জন্য এক মিনিটের বেশি সময় অপেক্ষা করা আবশ্যক নয়। ড্রাইভারকে বাসের হর্ণ বাজাতে নিষেধ করা হয়েছে।

**D.** বাসের সব শিশুদের নিরাপত্তার জন্য, পিতামাতারা তাদের সন্তানদেরকে নিচে উল্লিখিত নিয়মসূহ মেনে চলার পরামর্শ দেয়া অপরিহার্য:

1. বাসে সবসময় সব শিশুরা অবশ্যই বসে থাকবে, এবং সীটবেল্ট বেঁধে রাখবে।

2. শিশুরা বাসের জানালার বাইরে ঝোঁকা নিষিদ্ধ; সব সময় হাত এবং মাথা বাসের ভিতরে রাখতে হবে।

3. শিশুরা বাসে নিচু স্বরে কথা বলবে এবং বাস চলার সময় ড্রাইভারের সাথে কথা বলবে না।

4. শিশুরা বাসের জানালার মধ্য দিয়ে বাসের ভিতরে বা বাইরে কিছু ছুঁড়ে মারবে না।

5. বাসে কোন ধরনের আঘাত করা, থুতু ফেলা বা মারামারি করা নিষিদ্ধ; বাসে উঠা বা নামার সময় কোন ধরনের ধাক্কা-ধাক্কি করা নিষিদ্ধ।

6. শিশুরা একজন একজন করে বাসে উঠবে এবং নামবে।

**E.** যদি কোন শিশুর এমন কোন স্বাস্থ্যগত সমস্যা থাকে যে কারণে বাসে তার সমস্যা হতে পারে, তাহলে পিতামাতা সেই সমস্যা এবং তার সমাধান সম্পর্কে এসকর্টকে অবহিত করবেন যা প্রয়োজন হলে এসকর্ট ব্যবহার করবেন (স্বাস্থ্যগত সমস্যা যেমন অ্যাজমা, হৃৎযন্ত্রের অবস্থা, ডায়াবেটিস, খিঁচুনি, ইত্যাদি)।

**F.** বাস পরিষেবা সম্পর্কে পিতামাতাদের কোন অভিযোগ থাকলে, তারা তা প্রিন্সিপ্যালকে অবহিত করবেন, যিনি সমস্যাটির সমাধানের জন্য বাস কোম্পানি এবং শিক্ষার্থী পরিবহন দপ্তরকে তা জানাবেন। যদি যুক্তিসঙ্গত সময়ের মধ্যে সমস্যাটির সমাধান না হয়, তাহলে পিতামাতারা কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের বিশেষ শিক্ষার ডিস্ট্রিক্ট প্রশাসককে ফোন করবেন। বিশেষ শিক্ষার ডিস্ট্রিক্ট প্রশাসকের সাথে কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্ট অফিসের মাধ্যমে যোগাযোগ করা যেতে পারে।

**G.** কোন শিশু স্কুল থেকে বাসে করে ফেরার পর তাকে নেয়ার জন্য মনোনীত বয়স্ক ব্যক্তি যদি উপস্থিত না থাকেন, তাহলে শিশুটিকে অননুমোদিত কোন ব্যক্তির কাছে ছেড়ে যাওয়া যাবে না। ড্রাইভার এবং/অথবা এসকর্ট অবিলম্বে ডিসপ্যাচারকে অবহিত করবেন এবং শিশুটিকে পুলিশ স্টেশনে নিয়ে যাবেন। পিতামাতা, শিশুটিকে ফেরত নেয়ার জন্য পরিবারের অন্য কোন সদস্য, প্রতিবেশি, প্রমুখকে মনোনীত করতে পারেন এবং এছাড়াও মনোনীত বয়স্ক কোন ব্যক্তির উপস্থিতি ছাড়াই শিশুটিকে ছেড়ে যাওয়ার জন্য এসকর্ট ও ড্রাইভারকে অনুমতি প্রদান করতে পারেন। যে কোন ক্ষেত্রে, পিতামাতা কর্তৃক মনোনীত এই ধরনের বিকল্প ব্যবস্থার জন্য পিতামাতা বা অভিভাবককে লিখিতভাবে প্রিন্সিপ্যাল এবং ড্রাইভারকে অবহিত করতে হবে।

**H.** খারাপ আবহাওয়া অথবা স্কুলে ধর্মঘটের ক্ষেত্রে, পিতামাতাদেরকে সকাল ৬:০০ টা থেকে তাদের স্থানীয় বেতার কেন্দ্রের ঘোষণা শুনতে হবে। আবহাওয়া বা ধর্মঘটের খবর জানার জন্য পিতামাতারা (718) 392-8855 নম্বরেও ফোন করতে পারেন।

## IV. <u>বাস ড্রাইভার এবং এসকর্টের দায়িত্বসমূহ</u>

**A.** ড্রাইভার ও এসকর্টের দায়িত্ব হচ্ছে বাসে শিক্ষার্থীদের আচরণের প্রতি লক্ষ্য রাখা।

**B.** এসকর্টের দায়িত্ব হচ্ছে জরুরি পরিস্থিতিতে প্রাথমিক চিকিৎসা দেয়া।

C. এসকর্ট অবশ্যই বাস থেকে স্কুলের সম্মুখ দরজা পর্যন্ত শিশুদেরকে এগিয়ে দেয়ার ক্ষেত্রে সহায়তা করবেন।

D. কোন শিশু স্কুল থেকে ফেরার পর বাস স্টপে পিতামাতা বা অন্য কোন অনুমোদিত ব্যক্তির দেখা না পেলে, ড্রাইভার গ্যারেজ ডিসপ্যাচারকে অবহিত করবেন এবং সেই শিশুকে পুলিশ স্টেশনে নিয়ে যাবেন। যদি কোন পিতামাতা উপরোক্ত নিয়ম পরিত্যাগের বিবৃতিতে স্বাক্ষর করেন, তাহলে শিশুটি তার বাড়িতে প্রবেশের পূর্ব পর্যন্ত ড্রাইভার বা এসকর্ট অপেক্ষা করতে পারেন।

## অনুচ্ছেদ 3. স্কুল বাসে শিক্ষার্থীদের আচরণ

### I. ভূমিকা

যারা স্কুল বাসে চড়ে তাদের সকলের নিরাপত্তার জন্য ভালো আচরণ অপরিহার্য। শান্তভাবে বসে থাকা এবং নিয়ম মেনে চলা আহত হওয়া প্রতিরোধ করে এবং ড্রাইভারকে মনোযোগ নষ্ট না করে কার্যকরভাবে কাজ করতে সহায়তা করে।

### II. ভালো আচরণের নিয়মসমূহ

এই প্রবিধানের অনুচ্ছেদ 3-এ স্কুল বাসে ভালো আচরণের নিয়মসমূহ বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। অসদাচরণ ঘটলে বাস ড্রাইভার এবং/অথবা এসকর্টের দায়িত্ব হচ্ছে শৃঙ্খলা প্রতিষ্ঠা করা এবং শিক্ষার্থীদেরকে সতর্ক করা। অসদাচরণের পুনরাবৃত্তি ঘটলে, নিচে খন্ড III -এ বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

### III. স্কুল বাসে শিশুদের অসদাচরণ সম্পর্কিত প্রক্রিয়া নিম্নরূপ:

A. ড্রাইভার এবং/অথবা এসকর্ট কোন শিশুর অসদাচরণ সম্পর্কে প্রথমে শিক্ষকের সাথে আলাপ করবেন। শিক্ষক সমস্যাটি নিয়ে শিশুটি এবং তার পিতামাতার সাথে আলোচনা করবেন।

B. ড্রাইভার এবং/অথবা এসকর্ট শিক্ষকের সাথে আলাপ করতে না পারলে অথবা শিক্ষকের হস্তক্ষেপের পর শিশুটির আচরণে উন্নতি না হলে, ড্রাইভার অথবা বাস কোম্পানি স্কুলের প্রিন্সিপ্যাল এবং/অথবা বিশেষ শিক্ষার তত্ত্বাবধায়ককে চিঠির মাধ্যমে অবহিত করবেন, এবং একটি প্রতিলিপি শিক্ষার্থী পরিবহন দপ্তরে (ও.পি.টি.) এবং, প্রযোজ্য ক্ষেত্রে, বিশেষ শিক্ষার ডিস্ট্রিক্ট প্রশাসককে (ডি.এ.এস.ই.) পাঠাবেন।

C. শিক্ষার্থী পরিবহন দপ্তর অসদাচরণের অন্তর্নিহিত কারণ এবং ড্রাইভার বা এসকর্ট সেই সমস্যায় জড়িত ছিলেন কিনা তা নির্ধারণ করবেন। ড্রাইভার বা এসকর্ট দোষী হয়ে থাকলে, শিক্ষার্থী পরিবহন দপ্তর যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বাস কোম্পানির সাথে যোগাযোগ করবে; যেমন, সতর্কীকরণ, বদলি, সাময়িক বহিষ্কার।

**D.** যদি কারণগুলো হয় উপরে উল্লিখিতগুলো ছাড়া অন্য কিছু এবং শিশুটির আচরণ তার নিজের বা অন্যদের জন্য শারীরিক হুমকির কারণ হয়, তাহলে প্রিন্সিপ্যাল বা বিশেষ শিক্ষার তত্ত্বাবধায়ক পিতামাতার সাথে একটি বৈঠকের আয়োজন করবেন এবং নিষ্পত্তির উপায় নিয়ে আলোচনা করবেন, যেমন পিতামাতা স্বতন্ত্রভাবে শিশুটিকে স্কুলে নিয়ে আসবেন।

**E.** যদি বিকালে বাড়িতে ফেরার সময় জরুরিভাবে শিশুটির বা অন্যদের নিরাপত্তা হুমকির সম্মুখীন হয় এবং প্রিন্সিপ্যাল বা বিশেষ শিক্ষার তত্ত্বাবধায়ককে পাওয়া না যায়, তাহলে শিক্ষার্থী পরিবহন দপ্তরের পরিচালক সিদ্ধান্ত গ্রহণ করতে পারেন যে বাস কোম্পানি পরের দিন শিশুটিকে তুলে আনবে না এবং পিতামাতাকে তা অবহিত করবেন। তারপর শিশুটিকে একটি দীর্ঘ মেয়াদের জন্য বাস পরিষেবা থেকে বহিষ্কার করা হবে কিনা সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়ার জন্য পরের দিন প্রিন্সিপ্যাল বা তত্ত্বাবধায়কের সাথে যোগাযোগ করতে হবে এবং এবং পিতামাতাকে তা অবহিত করতে হবে।

**F.** অন্য সর্বকিছু ব্যর্থ হলে শুধুমাত্র প্রিন্সিপ্যাল বা বিশেষ শিক্ষার তত্ত্বাবধায়ক কোন শিশুকে সাময়িকভাবে পরিবহন সুবিধা থেকে বহিষ্কার করতে পারেন। বাস ড্রাইভার এবং/অথবা এসকর্টের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার কোন কর্তৃত্ব নেই। ড্রাইভার এবং/অথবা এসকর্ট শিক্ষার্থীদেরকে সতর্ক করতে পারেন, এবং এতে কাজ না হলে, তাদেরকে নির্দেশনা দেয়া হয়েছে এই বিষয়ে স্কুলের প্রিন্সিপ্যাল বা বিশেষ শিক্ষার তত্ত্বাবধায়ককে অবহিত করার জন্য।

**G.** প্রিন্সিপ্যাল বা বিশেষ শিক্ষার তত্ত্বাবধায়ক এই সমস্যা সমাধানে সহায়তা করার জন্য এবং প্রয়োজন হলে শিশুটিকে স্কুলে আনার জন্য অন্যান্য ব্যবস্থা গ্রহণের জন্য পিতামাতা, শিক্ষক, এবং অন্যান্য যথাযথ ব্যক্তিদের সাথে একটি বৈঠকের আয়োজন করবেন। বাস পরিষেবা থেকে বাদ দেয়ার অর্থ স্কুল থেকে বহিষ্কার করা নয়।

**H.** প্রিন্সিপ্যাল বা বিশেষ শিক্ষার তত্ত্বাবধায়ক কোন শিক্ষার্থীকে পরপর পাঁচ দিনের বেশি সময়ের জন্য বাস পরিষেবা থেকে বহিষ্কার করবেন না।

**অনুচ্ছেদ 4. স্কুল বাসে নিরাপত্তা অনুশীলন**

স্টেট শিক্ষা আইনের অনুচ্ছেদ 3623 এবং শিক্ষা কমিশনারের প্রবিধানের সংশোধিত অনুচ্ছেদ 156.3(h) অনুযায়ী স্কুল ডিস্ট্রিক্ট কর্তৃক প্রতি স্কুল বছরে কমপক্ষে তিনটি স্কুল বাস অনুশীলন পরিচালনা করা আবশ্যক; প্রথমটি করতে হবে হেমন্তকালীন টার্মের প্রথম সপ্তাহে, দ্বিতীয়টি নভেম্বর ১ এবং ডিসেম্বর ৩১ তারিখের মধ্যে, এবং তৃতীয়টি মার্চ ১ এবং এপ্রিল ৩০ তারিখের মধ্যে।

**1. স্কুল বাসে অনুশীলন**

1.1 স্টেট শিক্ষা বিভাগের অনুচ্ছেদ 3623 এবং শিক্ষা কমিশনারের প্রবিধানের সংশোধিত অনুচ্ছেদ 156.3(h) অনুযায়ী স্কুল বাসে অনুশীলন পরিচালনা করা আবশ্যক, যার অন্তর্ভুক্ত থাকবে স্থানে অনুশীলন এবং নির্দেশনা, জরুরি বহির্গমন দরজার ব্যবহার এবং কার্যপ্রণালী, অগ্নিনির্বাপক যন্ত্র, প্রাথমিক চিকিৎসার যন্ত্রপাতি এবং অগ্নিকান্ড বা দুর্ঘটনার ক্ষেত্রে মুক্ত হওয়ার জন্য জানালার ব্যবহার।

1.1.1 এছাড়াও অনুশীলনের অন্তর্ভুক্ত থাকতে হবে নিরাপদভাবে উঠা ও নামার প্রক্রিয়াসমূহ এবং বিশেষভাবে জোর দিতে হবে কখন ও কিভাবে অগ্রসর হতে হবে, উঠতে হবে, নামতে হবে, এবং নামার পর বাস থেকে দূরে সরে যেতে হবে তার উপর।

1.1.2 প্রতিটি অনুশীলনে শিক্ষার্থীদের জন্য সুনির্দিষ্ট নির্দেশনা অন্তর্ভুক্ত করতে হবে তারা যাতে বাস থেকে নামার পর হাইওয়ে পার হওয়ার আগে বাসের সামনে দিয়ে কমপক্ষে দশ (১০) ফুট সামনে অগ্রসর হয়। সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে, নিউ ইয়র্ক সিটির রাস্তাগুলোতে নামার পর, মোড়ে সতর্কভাবে রাস্তা পার হওয়ার উদ্যোগ নেয়ার আগে শিক্ষার্থীরা মোড়ের দিকে অগ্রসর হবে এবং ড্রাইভারের সাথে চোখাচোখি হওয়ার মত পর্যাপ্ত দূরত্বে যাবে।

1.1.3 প্রতিটি অনুশীলনে সেই সকল বিশেষ ঝুঁকির প্রতি গুরুত্বারোপ করতে হবে, শিশুরা তুষারপাত, বরফ, বৃষ্টি এবং অন্যান্য খারাপ আবহাওয়ার সময় যেগুলোর মুখোমুখি হয়, যার অন্তর্ভুক্ত রয়েছে কিন্তু আবশ্যকভাবে সীমাবদ্ধ নয়, এমন অবস্থা যখন ড্রাইভার ঠিকমত দেখতে পারে না, গাড়ির নিয়ন্ত্রণ কমে যায়, এবং/অথবা ঠিকমত শোনা যায় না।

1.1.4 এই ধরনের সকল অনুশীলনে স্কুল বাসের সকল যাত্রীর সুশৃঙ্খল আচরণের গুরুত্ব সম্পর্কে নির্দেশনা অন্তর্ভুক্ত করতে হবে এবং ডিপার্টমেন্ট অব এডুকেশন ঘোষিত শিক্ষার্থীদের শৃঙ্খলা, নিয়ম এবং প্রবিধানের উপর বিশেষভাবে গুরুত্বারোপ করতে হবে।

1.2 স্কুল বাস অনুশীলনের নির্দেশনা এবং এই ধরনের অনুশীলনের পথনির্দেশ শিক্ষকরা প্রদান করবেন।

1.3 যদিও সকল শিক্ষার্থীকে এই সব অনুশীলনে অংশগ্রহণ করতে হবে, তারা স্কুলে বাসের মাধ্যমে যাতায়াত করুক বা না করুক, যে সব শিক্ষার্থী শুধুমাত্র ফিল্ড ট্রিপের জন্য বাস ব্যবহার করে তাদের জন্য একটি বিকল্প হিসেবে অনুশীলনের বিষয়বস্তু শ্রেণিকক্ষে নির্দেশনা হিসেবে প্রদান করা যেতে পারে।

1.4 বাসগুলো রুটে থাকা অবস্থায় কোন অনুশীলন পরিচালনা করা যাবে না।

**2. অনুশীলনের তারিখসমূহ**

প্রতি স্কুল বছরে কমপক্ষে তিনবার স্কুল বাস অনুশীলন অবশ্যই পরিচালনা করতে হবে; প্রথমটি করতে হবে হেমন্তকালীন টার্মের প্রথম সপ্তাহে, দ্বিতীয়টি নভেম্বর ১ এবং ডিসেম্বর ৩১ তারিখের মধ্যে, এবং তৃতীয়টি মার্চ ১ এবং এপ্রিল ৩০ তারিখের মধ্যে।

**3. পালনের সনদ**

অনুশীলন সম্পন্ন করার পর, পালনের সনদ অবশ্যই স্কুলের নথিতে সংরক্ষণ করতে হবে।

**অনুচ্ছেদ 5. অনুসন্ধান**

এই প্রবিধান সম্পর্কিত কোন প্রশ্ন থাকলে শিক্ষার্থী পরিবহন দপ্তরে (অফিস অব পিউপিল ট্রান্সপোর্টেশন) জিজ্ঞাসা করতে হবে:

| ফোন | ***Office of Pupil Transportation*** | ফ্যাক্স |
|---|---|---|
| **(718) 784-3313** | 44-36 Vernon Boulevard<br>Long Island City, New York 11101 | **(718) 392-8403** |

স্কুল বাস নিরাপত্তা অনুশীলনের নির্দেশনাসমূহ

এই নির্দেশনা পত্রটি হচ্ছে স্কুল বাস নিরাপত্তা অনুশীলন পরিচালনায় শিক্ষকদেরকে সহায়তা করার জন্য। অনুশীলনটি পরিচালনায় সহায়তা করার জন্য প্রতিটি স্কুলের জন্য বাস বরাদ্দ করা যেতে পারে। স্কুলের প্রত্যেক শিশুর জন্য অনুশীলনে অংশগ্রহণ করা আবশ্যক, সে নিয়মিত স্কুল বাসে যাতায়াত করুক বা না করুক। বাসের মধ্যে অনুশীলন করার জন্য প্রত্যেক শ্রেণির জন্য ত্রিশ মিনিট সময় বরাদ্দ করতে হবে। এই অনুশীলনের সময় প্রদত্ত প্রশিক্ষক স্কুলের সব শিক্ষার্থীকে জরুরি অবস্থায় দ্রুত এবং নিরাপদভাবে কাজ করার জন্য প্রস্তুত করবে।

স্কুল বাস নিরাপত্তা অনুশীলনের পরিচালনার রূপরেখা

1. জরুরি অবস্থার ধারণা ব্যাখ্যা করুন; যেমন, একটি বিপজ্জনক অবস্থা যার জন্য তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

2. এমন সব পরিস্থিতি পর্যালোচনা করুন যেগুলো বিপজ্জনক অগ্নিকান্ড, বিস্ফোরণের ঝুঁকি, দুর্ঘটনা ইত্যাদি ঘটাতে পারে এবং অনিপরাপদ অবস্থানে বাস।

3. শিশুদেরকে দেখান যে কিভাবে নিরাপদে বাস থেকে বেরিয়ে যেতে হবে।

    3.1 শিক্ষক হাতে-কলমে দেখান যে পিছনের জরুরি দরজাটি কিভাবে খুলতে হবে (হাতলটি উপরে টেনে ধরে এবং বাইরের দিকে ধাক্কা দিয়ে), জরুরি জানালাগুলোর ক্রিয়াপদ্ধতি এবং মাথার উপরের বের হওয়ার ঢাকনার অবস্থান। শিক্ষক শিশুদেরকে সে সকল সাইনসমূহের অবস্থান মনে রাখা শেখাবেন যেগুলোতে লেখা আছে “Emergency Escape Window” এবং “Emergency Door”.

    3.2 অনুশীলন প্রশিক্ষণের অংশ হিসেবে অগ্নিনির্বাপক যন্ত্রের ক্রিয়াপদ্ধতি এবং প্রাথমিক চিকিৎসা যন্ত্রপাতির ব্যবহার অনুকরণ করা হয়।

4. শিশুরা তুষারপাত, বরফ, বৃষ্টি এবং অন্যান্য খারাপ আবহাওয়া, যেমন পিচ্ছিল রাস্তা, দেখার অসুবিধা ইত্যাদি যেসব সুনির্দিষ্ট ঝুঁকির মুখোমুখি হয়, সেগুলোর উপর গুরুত্বারোপ করুন।

5. নিচে উল্লিখিত নিরাপত্তার নিয়মসমূহের উপর গুরুত্বারোপ করুন।

    <u>বাসে উঠা</u>

    5.1 বাসের জন্য ফুটপাতের উপর অপেক্ষা করবে। রাস্তায় যাবে না।

    5.2 ঠেলাঠেলি বা ধাক্কা-ধাক্কি না করে সরাসরি বাসে উঠবে।

    5.3 হাতল থাকলে তা ব্যবহার করবে।

<u>বাসে সুশৃঙ্খল আচরণ</u>

5.4 যাত্রার পুরো সময় ধরে সুশৃঙ্খল থাকবে।

5.5 বাসে তোমার বন্ধুদের সাথে নিচু স্বরে কথা বলবে; চিৎকার করে বা চেঁচিয়ে কথা বলবে না।

5.6 হাত, বাহু, পা, এবং মাথা বাসের ভিতরে রাখবে।

5.7 জানালা দিয়ে বাসের বাইরে কোন কিছু ছুঁড়ে মারবে না।

5.8 অন্য শিশুদের সাথে সুবিবেচিত আচরণ করবে।

5.9 বাসের মধ্যে মারামারি বা কুস্তি করবে না।

5.10 বই এবং অন্যান্য সামগ্রী করিডোরের বাইরে রাখবে।

5.11 দরজার হাতল বা জানালা নিয়ে খেলবে না।

<u>বাস থেকে নামা</u>

5.12 তুমি বাস থেকে নামার পর সরাসরি ফুটপাতের দিকে হাঁটবে।

5.13 তুমি বাস থেকে নামার পর যদি তোমাকে অবশ্যই রাস্তা পার হতে হয়, তাহলে ড্রাইভারের সাথে চোখাচোখি করার পর শুধুমাত্র কর্ণার দিয়ে রাস্তা পার হবে। বাসের কমপক্ষে দশ ফুট সামনে দিয়ে রাস্তা পার হবে। চলাচলকারী যানবাহন সম্পর্কে সতর্ক থাকবে। সরাসরি বিপরীতদিকের ফুটপাতের দিকে যাবে।

## প্রত্যায়ন

সাধারণ নির্দেশনাসমূহ:

1. সকল তথ্য বড় হাতের অক্ষরে লিখতে হবে অথবা টাইপ করতে হবে
2. ফরমটি বৈধ হওয়ার জন্য প্রিন্সিপ্যালের নাম এবং স্বাক্ষর অবশ্যই যুক্ত করতে হবে।
3. স্কুলের নথির জন্য ফরমের একটি প্রতিলিপি রাখতে হবে এবং একটি প্রতিলিপি ঠিকাদারের কাছে জমা দিতে হবে।
4. নিচে উল্লিখিত সময়ে অবশ্যই অনুশীলন পরিচালনা করতে হবে:
   ১ম অনুশীলন - স্কুল শুরু হওয়ার প্রথম ৫ দিনের মধ্যে
   ২য় অনুশীলন - ১১/১ এবং ১২/৩১ তারিখের মধ্যে
   ৩য় অনুশীলন - ৩/১ এবং ৪/৩০ তারিখের মধ্যে

| I. প্রত্যায়ন | | | |
|---|---|---|---|
| স্কুলের নাম/ নম্বর | ডিস্ট্রিক্ট | তারিখ | |
| স্কুলের ঠিকানা | | সিটি | স্টেট |
| জিপ | | | |

নিচের ঘরে টিকচিহ্ন দিন যা নির্দেশ করে যে কোন শিক্ষার্থীরা অনুশীলনে অংশগ্রহণ করেছে।

- ☐ যে সব শিক্ষার্থী স্কুল বাসে করে স্কুলে আসে, শুধুমাত্র তারা অনুশীলনে অংশগ্রহণ করেছে
- ☐ সকল শিক্ষার্থী অনুশীলনে অংশগ্রহণ করেছে।
- ☐ যে সব শিক্ষার্থী স্কুল বাসে করে যাতায়াত করে না, তাদেরকে শ্রেণিকক্ষে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

অনুশীলনের জন্য ব্যবহৃত বাসসমূহ: কোম্পানির নাম এবং গাড়ির নম্বর লিখুন

| II. কোম্পানির নাম | III. | IV. কোম্পানির নাম | V. |
|---|---|---|---|
| VI. | VII. | VIII. | |
| IX. | X. | XI. | |
| XII. | XIII. | XIV. | |
| XV. | XVI. | XVII. | |
| XVIII. | XIX. | XX. | |

মন্তব্য:

আমি এই মর্মে প্রত্যায়ন করিতেছি যে, শিক্ষা কমিশনারের প্রবিধানের অনুচ্ছেদ 156.3 অনুযায়ী, একটি স্কুল বাস নিরাপত্তা অনুশীলন বা নির্দেশনা, অদ্য উপরে উল্লিখিত স্কুলে অনুষ্ঠিত হয়েছে।

_______________________________________________
প্রিন্সিপ্যালের নাম – অনুগ্রহ করে বড় হাতের অক্ষরে লিখুন

_______________________________________________
প্রিন্সিপ্যালের স্বাক্ষর তারিখ